

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৪.০১৪.২১.৪৬

বিষয়: FS&MMS সফটওয়্যারে খাদ্যশস্য লাইসেন্স এবং ডিলারগণের তথ্য লিপিবদ্ধকরণ/আপলোড/ইনপুট সংক্রান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আধুনিক খাদ্য সংরক্ষণগার প্রকল্প (MFSP)-এর প্যাকেজ GD-27a-এর আওতায় নির্মাণাধীন Online Food Stock and Market Monitoring System (FS&MMS) সফটওয়্যারে বিদ্যমান খাদ্যশস্য/খাদ্য-সামগ্রী ব্যবসার লাইসেন্সধারী ও সকল প্রকার ডিলারগণের তথ্য লিপিবদ্ধকরণ/আপলোড/ইনপুট করতে হবে। খাদ্যশস্য/খাদ্য-সামগ্রী ব্যবসার লাইসেন্সধারীদের নিম্নবর্ণিত তথ্যসমূহ আবশ্যিক :

লাইসেন্সধারীর ছবি	জাতীয় পরিচয়পত্রের নম্বর	জন্ম তারিখ	পূর্বের লাইসেন্স কপি
ব্যবসা ধরণ, যেমন: ডিলার/মিলার	ঠিকানা	প্রতিষ্ঠানের নাম	পণ্যের ধরণ
মোবাইল নম্বর			
গুদামের তথ্য :			
গুদামের নাম	গুদামের ধরণ	মালিকানা	ঠিকানা
মৌজা	খতিয়ান	দাগ	দৈর্ঘ্য (মিটার)
প্রস্থ (মিটার)	উচ্চতা (মিটার)	ধারণ ক্ষমতা (মে.টন)	বিভাগ
জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন		

এছাড়া, ডিলারগণের তথ্য লিপিবদ্ধকরণ/আপলোড/ইনপুট করার জন্য প্রয়োজনীয় তথ্যের বিবরণী সংযুক্ত ছকে প্রদান করা হলো।

উল্লেখ্য, খাদ্যশস্য/খাদ্য-সামগ্রী ব্যবসার লাইসেন্সের কপি, ছবি, জাতীয় পরিচয় পত্রের কপি, ডিলার লাইসেন্সের কপি, ড্রেড লাইসেন্স প্রভৃতি আপলোড করার জন্য স্ক্যান করে প্রস্তুত রাখতে হবে।

এক্ষেত্রে, বেঞ্জিমকো কম্পিউটার্স লি.-এর প্রতিনিধি এবং প্রকল্পের আওতায় এলএসডি'সমূহে FS&MMS সফটওয়্যারের কাজে সহযোগীতার জন্য বেঞ্জিমকো কম্পিউটার্স লি. কর্তৃক নিয়োগকৃত Data Entry Operator (DEO)-গণ উক্ত তথ্যাদি লিপিবদ্ধকরণ/আপলোড/ইনপুট করতে প্রয়োজনীয় সহায়তা করবেন। সকল জেখানি কার্যালয়ে ডাটা-এন্ট্রির জন্য ইন্টারনেট সংযোগসহ ২টি কম্পিউটার ও ১টি স্ক্যানার ব্যবহারের সুযোগ প্রদান করতে হবে। যেহেতু, এটি একটি চলমান প্রক্রিয়া বিধায় পরবর্তীতে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় হতে খাদ্যশস্য/খাদ্য-সামগ্রী ব্যবসার লাইসেন্সধারী ও সকল প্রকার ডিলারগণের তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে। প্রাথমিক পর্যায়ে যে সকল তথ্য আবশ্যিক নয় হিসেবে লিপিবদ্ধ করা বাকী থাকবে তা লাইসেন্স নবায়ন করার সময় আবশ্যিকভাবে লিপিবদ্ধ/ইনপুট/আপলোড করতে হবে।

এমতাবস্থায়, বিদ্যমান খাদ্যশস্য/খাদ্য-সামগ্রী ব্যবসার লাইসেন্সধারী ও সকল প্রকার ডিলারগণের তথ্য উপর্যুক্ত ছক মোতাবেক প্রস্তুত রাখা ও প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট সকল জেখানি-কে নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ডিলারগণের তথ্য সংরক্ষণ ছক।

১৭-০২-২০২৫
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট
+৮৮-০২-৪১০৫২৯৯৭
sys@dgfood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ২। প্রধান নিয়ন্ত্রক, প্রধান নিয়ন্ত্রক এর দপ্তর, ঢাকা রেশনিং, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.১৪.০১৪.২১.৪৬/১ (৭)

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
- ২। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)।
- ৫। Beximco Computers Ltd. [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]।
- ৬। বুয়েট - পিডব্লিউসি।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।





১৭-০২-২০২৫
মঞ্জুর আলম
সিস্টেম এনালিস্ট